

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা
www.ngoab.gov.bd



“মুজিব বর্ষের অঙ্গীকার
বৈদেশিক অনুদানের যথাযথ ব্যবহার”

স্মারক নং-০৩.০৭.২৬৬৬. ৬৬১. ৫১. ০১০.২০-৭৭


তারিখঃ ১৭ আগস্ট, ২০২১

বিষয়ঃ এনজিওতে কর্মরত বিদেশী নাগরিকদের প্রচলিত আইন/নীতিমালা অনুসরণ।

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রের স্মারক নং-০৩.১২.০০০০.০৭৯.০১৬.০১.২০২০-৩৩৯(২), তারিখঃ ০৭ জুলাই, ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয় হতে এনজিওতে কর্মরত বিদেশী নাগরিকদের প্রচলিত আইন/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করার নির্দেশনা দেয়া হয়েছে। সে মতে বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থায় (এনজিওতে) কর্মরত বিদেশী নাগরিকদের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

- ১। বিদেশি এনজিও কর্মীদের বেতন-ভাতা খাত হতে রাজস্ব আদায় করার লক্ষ্যে তাঁদের অনুকূলে প্রদত্ত নিয়োগপত্রে বাস্তবতার সাথে মিল রেখে সঠিক/প্রকৃত বেতন-ভাতা উল্লেখ করতে হবে।
- ২। এনজিওতে নিয়োগপ্রাপ্ত/কর্মরত বিদেশী কর্মীদের বেতন তাদের কর্মস্থলে যোগদানের পর প্রথম মাস হতেই নীতিমালা অনুযায়ী ব্যাংকের মাধ্যমে পরিশোধের ব্যবস্থা করতে হবে এবং বেতন বিবরণী প্রতি বছর ব্যুরোতে জমা দান নিশ্চিত করতে হবে।
- ৩। ব্যাংকের মাধ্যমে বেতন-ভাতা গ্রহণ, বেতন বিবরণী নিয়মিত ব্যুরোতে জমা প্রদান ও আয়কর পরিশোধ ব্যতিরেকে কোন বিদেশী এনজিও কর্মীর নিয়োগের মেয়াদ বর্ধিত করা যাবে না।
- ৪। কোন এনজিওতে কর্মরত বিদেশি কর্মীর নীতিমালা পরিপন্থী (এক প্রকল্পে নিয়োগ দেখিয়ে অন্য প্রকল্পে কর্মরত থাকা, “N” ভিসায় ধর্ম প্রচার ইত্যাদি) কাজে লিপ্ত থাকার প্রমাণ পাওয়া গেলে উক্ত বিদেশি কর্মী-এর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে এনজিও বিষয়ক ব্যুরোকে অবহিত করতে হবে।



(তপন কুমার বিশ্বাস)
পরিচালক(প্রকল্প-১)

ই-মেইলঃ dir1@ngoab.gov.bd

নির্বাহী পরিচালক/কান্ট্রি ডিরেক্টর

.....
.....
.....

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ

০১। পরিচালক-১২, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।

০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। অফিস কপি।